**নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন [Bengali]**
**(NEW YORK CITY HUMAN RESOURCES ADMINISTRATION)**

**<u>সাধারণ শুনানির বিজ্ঞপ্তি এবং প্রস্তাবিত বিধিতে মন্তব্য করার সুযোগ</u>**

**আমরা কী প্রস্তাব রাখছি?** নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA), "আপৎকালীন খাদ্য প্রদানকারীদের প্রতি খাদ্য এবং প্রশাসনিক তহবিল বিতরণ" শীর্ষক নিয়মটি তুলে দিয়ে সেটির স্থলে "আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম (Emergency Food Assistance Program)" শীর্ষক নিয়ম প্রতিস্থাপন করার প্রস্তাব করে। নতুন বিধিটি HRA কে, আপৎকালীন খাদ্য প্রদানকারীদের নিকট খাদ্য এবং প্রশাসনিক তহবিল বিতরণের ক্ষেত্রে অধিকতর নমনীয়তা প্রদান করবে, এবং তার দ্বারা HRA কে গোষ্ঠীভিত্তিক খাদ্য প্রয়োজনীয়তার প্রতি, যখন সেগুলির উদ্ভব ঘটে, আরও কার্যকরীভাবে প্রতিক্রিয়া করতে সক্ষম করবে।

**শুনানি কখন এবং কোথায় হতে চলেছে?** প্রস্তাবিত নিয়মের বিষয়ে HRA একটি জন শুনানির ব্যবস্থা করবে। জন শুনানিটি অনুষ্ঠিত হবে, দূরবর্তীভাবে Zoom-এর মাধ্যমে শুক্রবার, 12ই অগাস্ট, 2022-এ সকাল 10:00 টায়। যারা শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা এর মাধ্যমে যোগ দিতে পারেন:

**Zoom (ভিডিও এবং অডিও):**

https://us02web.zoom.us/j/85469930699?pwd=-zCjaaw6YqJfZHeu51DXAulTkbCHqg.1

অথবা www.zoom.us এ যান, "একটি মিটিংয়ে যোগদান করুন (Join a Meeting)"-এ , ক্লিক করুন এবং মিটিং এর আইডি 854 6993 0699 প্রবেশ করান (পাসকোড: DSS)।

**ফোন (শুধু অডিও):**

+1 646 876 9923 ইউএস (নিউ ইয়র্ক)
মিটিংয়ের আইডি: 854 6993 0699

**প্রস্তাবিত নিয়মের ওপর আমি কিভাবে মতামত জানাতে পারব?** প্রস্তাবিত নিয়মের ওপর যে কেউ মন্তব্য করতে পারেন নিম্নোক্ত উপায়ে:

- **ওয়েবসাইট-এর দ্বারা।** NYC নিয়মবিধির ওয়েবসাইট http://rules.cityofnewyork.us এর মাধ্যমে আপনি HRA কে মতামত জানাতে পারেন।

- **ইমেলের দ্বারা।** আপনি NYCRules@hra.nyc.gov-এ মতামত জানিয়ে ইমেল করতে পারেন। অনুগ্রহ করে বিষয় লাইনে “আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম” অথবা "EFAP" কথাটা অন্তর্ভুক্ত করুন।

- **ডাকযোগে।** আপনি নিচের ঠিকানায় নিজের মতামত পাঠাতে পারেন:

  HRA Rules
  c/o Office of Legal Affairs
  150 Greenwich Street, 38th Floor

New York, NY 10007

অনুগ্রহ করে স্পষ্ট করুন যে আপনি EFAP নিয়মের ওপর মন্তব্য করছেন।

- **ফ্যাক্স দ্বারা।** আপনি মন্তব্য 917-639-0413 নম্বরে ফ্যাক্স করতে পারেন। অনুগ্রহ করে বিষয় লাইনে "EFAP" কথাটা অন্তর্ভুক্ত করুন।

- **শুনানিতে বক্তব্য রাখার দ্বারা।** আপনি 12ই অগাস্ট, 2022 শুনানি শুরু হওয়ার আগে অথবা তার আগে 929-221-7220 নম্বরে ফোন করে অথবা NYCRules@hra.nyc.gov -তে ইমেল করে শুনানিতে কথা বলার জন্য সাইন আপ করতে পারেন। বক্তারা যে ক্রমে সাইন আপ করবেন সেই অনুযায়ী তাদের ডাকা হবে এবং তারা তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারবেন।

**মতামত জমা দেওয়ার কি কোনও সময়সীমা আছে**? মতামত জমা করার সময়সীমা 12 অগাস্ট, 2022 এর মধ্যরাত্রি পর্যন্ত। ডাকযোগের মাধ্যমে প্রেরিতগুলি সহ সকল মতামত আবশ্যিকভাবে 12 অগাস্ট, 2022 বা তার আগে HRA-এর দ্বারা প্রাপ্ত হতে হবে।

**শুনানিতে অংশগ্রহণ করার জন্য আমার সহায়তার প্রয়োজন হলে কী হবে?** শুনানিতে অংশগ্রহণ করার জন্য যদি আপনার দোভাষীর পরিষেবা অথবা যুক্তিসঙ্গত সুবিধার প্রয়োজন হয়, তাহলে আপনাকে তা আমাদের অবশ্যই জানাতে হবে। আপনি NYCRules@HRA.nyc.gov-এ ইমেল করে অথবা 929-221-7220 তে ফোন করে আমাদের জানাতে পারেন। ব্যবস্থা করার জন্য পর্যাপ্ত সময় পেতে আগে থেকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে। অনুগ্রহ করে আমাদের অগাস্ট 5, 2022 তারিখের মধ্যে জানান।

**প্রস্তাবিত নিয়মের ওপর করা মন্তব্যগুলো কি আমি দেখতে পারি?** আপনি অনলাইনে http://rules.cityofnewyork.us/ ওয়েবসাইটে গিয়ে প্রস্তাবিত বিধির ওপর করা মন্তব্যগুলো দেখতে পারেন। শুনানি হয়ে যাওয়ার কয়েকদিন পরেই, প্রস্তাবিত বিধির বিষয়ে অনলাইনে জমা দেওয়া সমস্ত মতামতের কপি, লিখে জানানো সমস্ত মতামতের কপি এবং মুখে জানানো মতামতের একটি সারসংক্ষেপ HRA এর ওয়েবসাইটে সমস্ত জনগণের জন্য উপলব্ধ করা হবে।

**HRA-কে এই বিধি তৈরি করার অনুমোদন কে দিয়েছে?** সিটি সনদের ধারা 603 এবং 1043 এবং নিউ ইয়র্কের সামাজিক পরিষেবা আইনের ধারা (New York Social Services Law) 34 অনুযায়ী HRA এই প্রস্তাবিত নিয়ম তৈরি করার জন্য অনুমোদিত।

**আমি কোথায় HRA এর নিয়মাবলী পেতে পারি?** HRA এর নিয়মাবলী নিউ ইয়র্ক শহরের নিয়মাবলীর 68 নং টাইটেলে রয়েছে।

**HRA এর নিয়ামক আলোচ্যে কী প্রস্তাবিত বিধি অন্তর্ভুক্ত ছিল**? না। HRA এর অতি সাম্প্রতিক নিয়ামক আলোচ্যে এই প্রস্তাবিত বিধিটি রাখা হয়নি।

**বিধি তৈরি করার প্রক্রিয়া কোন আইনের দ্বারা নিয়ন্ত্রিত?** বিধি তৈরি বা পরিবর্তন করার সময়ে HRA-কে অবশ্যই সিটি চার্টারের 1043 ধারায় উল্লিখিত আবশ্যিক শর্ত মেনে চলতে হবে। বিজ্ঞপ্তিটি সিটি চার্টারের ধারা 1043-এর আবশ্যিকতা অনুসারে করা হয়েছে।

## প্রস্তাবিত বিধির ভিত্তি এবং উদ্দেশ্য সম্পর্কিত বিবৃতি

নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ/মানব সম্পদ প্রশাসন (Department of Social Services/Human Resources Administration, DSS/HRA) সিটি অফ নিউ ইয়র্কের নিয়মসমূহের টাইটেল 68 এর বর্তমানে "আপৎকালীন খাদ্য প্রদানকারীদের প্রতি খাদ্য এবং প্রশাসনিক তহবিলের বিতরণ" শীর্ষক সনদ 4 তুলে দিতে এবং "আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম" (Emergency Food Assistance Program, EFAP) শীর্ষক একটি নতুন নিয়ম প্রতিস্থাপিত করার প্রস্তাব করে। প্রস্তাবিত নিয়মটি HRA কে আপৎকালীন খাদ্য প্রদানকারীদের নিকট খাদ্য এবং প্রশাসনিক তহবিল বিতরণের ক্ষেত্রে অধিকতর নমনীয়তা প্রদান করবে, যেটি HRA কে গোষ্ঠীভিত্তিক খাদ্য প্রয়োজনীয়তাগুলির প্রতি, যখন সেগুলির উদ্ভব ঘটে, আরও কার্যকরীভাবে প্রতিক্রিয়া করতে সক্ষম করবে।

অন্যান্য পরিবর্তনগুলির মধ্যে, প্রস্তাবিত নিয়মটি HRA এর, আপৎকালীন খাদ্য প্রদানকারীদের প্রতি তহবিল বিতরণের বর্তমান পদ্ধতিটিকে প্রতিস্থাপিত করে। বর্তমান পদ্ধতিটি এককভাবে পূর্ববর্তী বছরটিতে পরিষেবা প্রদত্ত ব্যক্তিদের সংখ্যার উপর নির্ভর করে। নতুন নিয়মটি, নির্দিষ্ট ভৌগলিক অঞ্চলগুলির অথবা নির্দিষ্ট জনসংখ্যার মধ্যে বর্তমান খাদ্য প্রয়োজনীয়তাগুলিকে অন্তর্ভুক্ত করে, একাধিক উপাদানের বিবেচনা করে। এই ভাবে তহবিল বিতরণের পদ্ধতিটির হালনাগাদ করার দ্বারা, HRA কার্যক্রমভিত্তিক এবং তহবিল প্রদানের ক্ষেত্রে পরিবর্তনগুলি করতে সক্ষম হবে যেগুলি প্রদানকারীর মতামতের এবং সিটির আপৎকালীন খাদ্য প্রয়োজনীয়তার দ্রুত হারে পরিবর্তনশীল প্রেক্ষাপটের প্রতি প্রতিক্রিয়াশীল। অতিরিক্তভাবে, প্রস্তাবিত নিয়মটি HRA এর অ-লাভকারী প্রতিষ্ঠানগুলির প্রতি পরিকাঠামো এবং পরিচালন ব্যয়সমূহের ব্যয়পূরণের এবং নতুন আপৎকালীন খাদ্য কার্যক্রমগুলি সৃষ্টি করার যেগুলি EFAP তহবিল সংস্থান প্রার্থী অথবা বর্তমান আপৎকালীন খাদ্য কার্যক্রমগুলির বিস্তার বর্ধিত করার সক্ষমতাকে প্রাতিষ্ঠানিক করে।

এই প্রস্তাবিত নিয়মটি, নিউ ইয়র্ক সিটি সনদ এর ধারা 603 এবং 1043 এবং নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা আইন এর ধারা 34 এর অধীনে কমিশনার অফ DSS এর কর্তৃত্বের অনুসরণে প্রস্তাবিত।

## <u>প্রস্তাবিত বিধি</u>

**ধারা এক। আপৎকালীন খাদ্য প্রদানকারীদের প্রতি খাদ্য এবং প্রশাসনিক তহবিল বিতরণের সঙ্গে সম্পর্কিত, নিউইয়র্ক শহরের নিয়মাবলীর 68 নং বিধির অধ্যায় 4, তুলে নেওয়া হয়েছে এবং নীচে প্রদত্ত অনুসারে পাঠযোগ্য একটি অধ্যায় 4 কে আইনে পরিণত করা হয়েছে:**

### <u>অধ্যায় 4</u>

### <u>আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম</u>

<u>**§ 4-01 সংজ্ঞাসমূহ।** এই অধ্যায়ের উদ্দেশ্যে, নীচের শব্দগুলির নিম্নরূপ অর্থ হবে:</u>

<u>(a) “কমিশনার” এর অর্থ হল DSS-র কমিশনার অথবা তাঁদের অনুমোদিত।</u>

<u>(b) "DOHMH" এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (New York City Department of Health and Mental Hygiene)</u>

<u>(c) “EFAP” এর অর্থ হল এই অধ্যায়ে ব্যাখ্যা করা আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম।</u>

<u>(d) "আপৎকালীন খাদ্য কার্যক্রম" এর অর্থ হল একটি কার্যক্রম যেটি একটি স্থির থাকা অবস্থান অথবা একটি ভ্রাম্যমাণ ইউনিট থেকে, অপর্যাপ্ত আয়যুক্ত মানুষদের প্রতি, তাঁদের খাদ্যের জন্য আশু প্রয়োজনীয়তা পূরণের উদ্দেশ্যে, খাদ্য প্রদান করে। একটি "আপৎকালীন খাদ্য কার্যক্রম", প্রদানের স্থানটিতে খাওয়ার অথবা অন্য কোনও স্থানে খাওয়ার অথবা অন্য স্থানে প্রস্তুত করার এবং খাওয়ার মতো খাবারের আকারে খাদ্য প্রদান করতে পারে।</u>

<u>(e) "খাদ্য প্রদানকারী" অথবা "প্রদানকারী" এর অর্থ হল একটি প্রতিষ্ঠান যেটি একটি আপৎকালীন খাদ্য কার্যক্রম পরিচালিত করে।</u>

<u>(f) “HRA” এর অর্থ হল নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন।</u>

<u>**§ 4-02 কার্যক্রমের প্রশাসন।**</u>

<u>বর্তমানে বিদ্যমান খাদ্য প্রদানকারীদের নিকট খাদ্য সরবরাহ করার দ্বারা সহায়তা করার উদ্দেশ্যে HRA, এই অধ্যায়টির অনুসরণে, একটি আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রম পরিচালিত করবে। তহবিলের উপলব্ধতার</u>

বিষয়বস্তু স্বরূপ, HRA খাদ্য প্রদানকারীদের EFAP এর মাধ্যমে সরবরাহকৃত খাদ্য বিতরণের সঙ্গে সম্পর্কিত খরচগুলির ব্যয়পূরণ করতে পারে এবং EFAP খাদ্য প্রদানকারীদের, অথবা EFAP খাদ্য প্রদানকারী হওয়ার অভিপ্রায়যুক্ত অন্যান্য অ-লাভকারী প্রতিষ্ঠানগুলির নিকট তহবিল উপলব্ধ করতে পারে, তাদের প্রতিষ্ঠিত হতে অথবা তাদের ক্রিয়াকলাপের বিস্তার ঘটানোর, পরিষেবাগুলির বৃদ্ধি করতে, অথবা অথবা আরও অধিক সংখ্যক মানুষের নিকট আপৎকালীন খাদ্য প্রদান করার ক্ষেত্রে সাহায্য করার উদ্দেশ্যে।

## § 4-03 EFAP উপদেষ্টা গোষ্ঠী।

EFAP কার্যক্রম প্রশাসক, নিউ ইয়র্ক সিটিতে আপৎকালীন খাদ্য কার্যক্রমগুলির সক্রিয় অথবা সেটির সঙ্গে সংশ্লিষ্ট সদস্যবর্গের দ্বারা গঠিত একটি EFAP উপদেষ্টা গোষ্ঠী নির্বাচন করবেন। EFAP উপদেষ্টা গোষ্ঠীর সদস্যরা একটি স্বেচ্ছামূলক ভিত্তিতে, কোন প্রকার ক্ষতিপূরণ ছাড়াই, এবং EFAP কার্যক্রমের প্রশাসকের ইচ্ছার ভিত্তিতে সেবা দান করবেন। EFAP উপদেষ্টা গোষ্ঠী কমপক্ষে প্রত্যেক ছয়মাস অন্তর মিলিত হবেন এবং, প্রদত্ত খাদ্য উপাদানগুলির বিষয়ে এবং কার্যক্রমটির সঙ্গে সম্পর্কিত বিতরণমূলক পরিষেবাগুলি অন্তর্ভুক্ত করে, আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রমের বাস্তবায়নের উপর HRA এর নিকট পরামর্শ প্রদান করবেন।

## § 4-04 খাদ্য প্রদানকারীর শংসাকরণ।

(a) HRA শংসিত EFAP খাদ্য প্রদানকারীদের, যারা এই অধ্যায়ের অধীনে HRA এর তরফ থেকে খাদ্য বিতরণ পাওয়ার জন্য যোগ্য, একটি তালিকা রাখবে।

(b) একটি EFAP খাদ্য প্রদানকারী হিসাবে শংসিত হওয়ার জন্য, প্রদানকারীকে আবশ্যিকভাবে HRA এর নিকট একটি আবেদনপত্র জমা দিতে হবে এবং নিম্নলিখিত প্রয়োজনীয়তাগুলি পূরণ করতে হবে:

(1) প্রদানকারীকে আবশ্যিকভাবে, ইন্টার্নাল রেভিনিউ কোড 501(c)(3) এর অধীনে কর-ছাড়প্রাপ্ত স্থিতিযুক্ত হতে হবে

(2) যদি প্রদানকারীটি সরাসরি উপভোক্তার নিকট স্বতন্ত্রভাবে খাওয়ার জন্য খাদ্য প্রদান করেন, খাদ্যটি প্রদানের স্থানেই খাওয়া হোক অথবা অন্য কোন স্থানে খাওয়া হোক, প্রদানকারীর আবশ্যিকভাবে এই প্রকার পরিষেবার অনুমোদনকারী একটি বৈধ DOHMH খাদ্য প্রাতিষ্ঠানিক অনুমতি থাকতে হবে।

(3) প্রদানকারীকে আবশ্যিকভাবে HRA এর নিকট প্রদর্শন করতে হবে যে, তারা ইতিমধ্যেই অন্যান্য সূত্রগুলির থেকে তাদের দ্বারা প্রাপ্ত করা খাবারগুলির ক্ষেত্রে ধারা 4-05, প্রযোজ্যতা অনুসারে উপবিভাগ (a) থেকে (p) পর্যন্ত প্রয়োজনীয়তাগুলি অনুসরণ করা হচ্ছে সেটি অন্তর্ভুক্ত করে তাদের ধারা 4-05 এ নির্ধারিত কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি পূরণ করার সক্ষমতা আছে।

(c) একটি EFAP খাদ্য প্রদানকারী হওয়ার জন্য আবেদনগুলি করতে হবে একবারে এবং HRA এর দ্বারা অনুমোদিত পন্থায়। আবেদন প্রক্রিয়ার মধ্যে অন্তর্ভুক্ত হবে HRA এর দ্বারা একটি স্থান পরিদর্শন। HRA, তাদের নিজস্ব ইচ্ছাধীনে, নির্দিষ্ট ভৌগলিক অঞ্চলগুলি অথবা নির্দিষ্ট জনপদগুলির জন্য প্রদানকারীদের উদ্দেশে আবেদন প্রক্রিয়া খুলতে অথবা বন্ধ করতে পারে।

(d) যদি প্রদানকারীর আবেদন অনুমোদিত হয়, তাহলে প্রদানকারী, একটি প্রদানকারীর চুক্তিতে স্বাক্ষর করবেন যেটিতে প্রদানকারী, ধারা 4-05 তে নির্ধারিত কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি অনুপালনের জন্য সম্মত হন। একটি প্রদানকারীর দ্বারা স্বাক্ষরিত প্রদানকারীর চুক্তি প্রাপ্ত করার পরে, HRA প্রদানকারীটিকে একটি EFAP খাদ্য প্রদানকারী হিসাবে শংসিত করবে।

## § 4-05 কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি।

প্রদানকারীদের আবশ্যিকভাবে নিম্নলিখিত কার্যক্রম প্রয়োজনীয়তাগুলি অনুপালন করতে হবে।

(a) আবশ্যিকভাবে কোন প্রকার জাতি, বর্ণ, নাগরিকত্বভিত্তিক সূত্র, ধর্মীয় বিশ্বাস/গোষ্ঠী, লিঙ্গ, অক্ষমতা, বয়স, ভিনদেশী অথবা নাগরিকত্বের স্থিতি, বৈবাহিক অথবা অংশীদারিত্বের স্থিতি, গর্ভাবস্থা, বয়স্কতার স্থিতি, লিঙ্গ পরিচিতি, যৌন অভিমুখীতা, অথবা প্রযোজ্য আইনের অধীনে অন্য যেকোনো সুরক্ষিত শ্রেণীর ব্যতিরেকেই খাদ্য বিতরিত হবে হবে।

(b) খাদ্য আবশ্যিকভাবে সাধারণ জনসাধারণের নিকট উপলব্ধ করতে হবে। খাদ্য বিতরণ একটি প্রতিষ্ঠানে গঠনকারীদের মধ্যে সীমিত হতে পারবে না।

(c) খাদ্য আবশ্যিকভাবে কোন প্রকার রাজনৈতিক অথবা ধর্মীয় কার্যকলাপের সঙ্গে সম্পর্কিতভাবে বিতরণ করা হবে না।

(d) প্রদানকারী আবশ্যিকভাবে HRA এর দ্বারা লিখিত আকারে অনুমোদিত নির্ধারিত সময়গুলিতে নিয়মিতভাবে এবং ক্রমাগতভাবে তাদের আপৎকালীন খাদ্য কার্যক্রমটি পরিচালনা করবেন।

(e) প্রদানকারী আবশ্যিকভাবে, HRA ছাড়াও অন্যান্য সূত্রগুলির থেকে খাদ্য এবং তহবিলের সংস্থানের জন্য আবেদন করবেন এবং বজায় রাখবেন।

(f) প্রদানকারী আবশ্যিকভাবে, একটি সৌজন্যতাপূর্ণ এবং কার্যকরী পন্থায় খাদ্য বিতরণের সুবিধার্থে পর্যাপ্ত সংস্থানসূত্র বজায় রাখবেন (খাদ্য, অন্যান্য উপাদানসমূহ, স্বেচ্ছাসেবক, স্থান, এবং বিতরণ পরিকল্পনা অন্তর্ভুক্ত করে)।

(g) প্রদানকারী আবশ্যিকভাবে, খাদ্যতালিকাভিত্তিক নিষিদ্ধতা এবং খাদ্যভিত্তিক অ্যালার্জির বিষয়ে, যেগুলি স্বতন্ত্র খাদ্য-প্রার্থীর দ্বারা প্রদানকারীকে জানানো হয়েছে, বিবেচনা করে সুষম, পুষ্টিকর খাবারগুলি এবং খাবারের প্যাকেজগুলি প্রদান করার জন্য সকল যুক্তিসংগত প্রচেষ্টা করবেন। যতদূর সম্ভব, প্রদানকারীকে তাদের দ্বারা সেবা প্রদত্ত গোষ্ঠীগুলির সামাজিক পছন্দগুলিকেও বিবেচনা করতে হবে।

(h) খাদ্য, HRA এর দ্বারা অনুমোদিত এবং DOHMH এর প্রয়োজনীয়তাগুলি অনুসারে, স্থানগুলিতে সংরক্ষিত, প্রস্তুতকৃত, পরিবেশনকৃত এবং বন্টিত হতে হবে।

(i) প্রদানকারী খাদ্যগুলিকে একটি ব্যক্তি বসবাসের স্থানে, গৃহে, অথবা অ্যাপার্টমেন্ট, অথবা একটি মোটর যানে সংরক্ষিত অথবা বিতরন করবে না যদি না নিউ ইয়র্ক সিটির পরিচ্ছন্নতা বিধির অনুসরণে মোটর যানটির একটি ভ্রাম্যমাণ খাদ্য পরিষেবা ব্যবস্থা হিসাবে চালনা করার জন্য একটি বৈধ অনুমোদন থাকে।

(j) ব্যবহারের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পূর্বে খাদ্যগুলি একমাত্র প্রয়োজনীয়তাযুক্তদের নিকট পরিবেশন করতে হবে এবং ব্যবসা করা, বিক্রয় করা, অথবা অন্যভাবে নষ্ট করা যাবে না।

(k) প্রদানকারী আবশ্যিকভাবে খাদ্যগুলিকে সেগুলির ব্যবহারের মেয়াদপূর্তির পূর্বে বিতরণ করবেন এবং মেয়াদপূর্তির তারিখ অনুসারে বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করবেন। যদি খাদ্যগুলির মধ্যে তাজা উৎপাদনগুলি অন্তর্ভুক্ত থাকে, তাহলে প্রদানকারীকে আবশ্যিকভাবে তাজা উৎপাদনগুলিকে সেগুলি প্রাপ্ত করার সাথে এবং নষ্ট হওয়ার পূর্বেই বিতরণ করতে হবে। যদি কোন EFAP খাদ্য নষ্ট হয়ে যায় অথবা ব্যবহারে মেয়াদ উত্তীর্ণ হয়, তাহলে প্রদানকারীকে আবশ্যিকভাবে সেটি নষ্ট করার পূর্বে HRA কে সূচীত করতে হবে।

(l) খাদ্যগুলিকে আবশ্যিকভাবে অন্য কোন প্রতিষ্ঠানের নিকট উপ-বিতরণ করা যাবে না।

(m) খাদ্যগুলির গ্রহণকারীদের আবশ্যিকভাবে নিম্নলিখিতগুলি করার জন্য অনুরোধ করা যাবে না:

(1) একটি দান করা

(2) খাদ্যের মূল্য প্রদান করা

(3) খাদ্যের পরিবর্তে কাজ করা

(4) একটি ধর্মীয় অথবা রাজনৈতিক কার্যকলাপে অংশগ্রহণ করা, অথবা

(5) আপৎকালীন খাদ্য পাওয়ার জন্য একটি প্রয়োজনীয়তা স্বরূপ তাঁদের প্রয়োজনীয়তা প্রমাণ করার জন্য নথি প্রদান করা

(n) প্রদানকারী আবশ্যিকভাবে:

(1) EFAP খাদ্যগুলির প্রাপ্তি এবং বিতরণগুলিকে নথিভুক্তকারী রেকর্ড রাখতে হবে।

(2) EFAP খাদ্যগুলির বিতরণের সঙ্গে সহযোগী সকল খরচগুলিকে নথিভুক্তকারী রসিদগুলি রাখতে হবে।

(3) সেগুলি যে ক্যালেন্ডার বছরের সেটির শেষ থেকে পরবর্তী তিন বছরের জন্য সকল রেকর্ডগুলি রাখতে হবে এবং HRA এর কর্মকর্তাদের দ্বারা সেগুলির পরিদর্শন অনুমোদিত করতে হবে।

(4) বিতরণের স্থানটিতে খাদ্যগুলির প্রাপ্তি এবং বিতরণের রেকর্ডগুলির একটি কপি রাখতে হবে।

(5) চুরি, ভাঙচুর, অথবা অন্যান্য আপৎকালীন ঘটনাগুলির ক্ষেত্রে স্থানীয় পুলিশ এবং HRA কে সূচীত করতে হবে।

(6) EFAP খাদ্য গ্রহণ করার এবং বিতরণ করার জন্য প্রয়োজনীয় পার্মিট এবং লাইসেন্সগুলি রাখতে হবে।

(7) তাদের ফেডারেল নিয়োগকর্তা সনাক্তকরণ নম্বর ( Federal Employer Identification Number, EIN) এবং কর-ছাড়ের স্থিতি ফাইলে রাখতে হবে।

(o) প্রদানকারীর আবশ্যিকভাবে, পরিবেশনকৃত মানুষদের হিসাব রাখার উদ্দেশ্যে, HRA এর কাছে গ্রহণযোগ্য একটি উপায় থাকতে হবে।

(p) প্রদানকারীকে আবশ্যিকভাবে, HRA এর দ্বারা নির্ধারিত একটা ফর্মে এবং পন্থায়, পরিবেশনকৃত মানুষদের সংখ্যা এবং এই প্রকার অন্যান্য পরিসংখ্যানভিত্তিক তথ্য যেগুলি HRA চাইতে পারে, অন্তর্ভুক্ত করে, একটি নির্ভুল মাসিক পরিসংখ্যানভিত্তিক রিপোর্ট জমা দিতে হবে।

(q) প্রদানকারী কাজের দিন এবং সময়গুলিকে আবশ্যিকভাবে 311 কে জানাতে হবে, এবং প্রদানকারীকে, 311 এর দ্বারা স্থানটিতে পাঠানো যেকোনো ব্যক্তির নিকট পরিষেবা প্রদান করতে হবে।

(r) প্রদানকারীকে আবশ্যিকভাবে, তাদের বিরুদ্ধে প্রাপ্ত করা যেকোনো অভিযোগের উত্তর দিতে হবে যা HRA কর্তৃক গ্রহীত হয় এবং তার বিষয়ে অভিযোগকারীকে জানানো হয়।

(s) প্রদানকারীকে আবশ্যিকভাবে এই অধ্যায়ের অধীনে প্রয়োজনীয় অনুসারে HRA কর্মকর্তাদের স্থানটি পরিদর্শনের জন্য অনুমতি প্রদান করতে হবে।

(t) প্রদানকারীকে আবশ্যিকভাবে, সম্পূরক পুষ্টি সহায়তা কার্যক্রমের (অথবা অন্য যেকোনো পরবর্তী কার্যক্রম) সম্পর্কে HRA এর দ্বারা গ্রহণযোগ্য একটি আকারে এবং পন্থায় বিস্তৃতি প্রদান করতে হবে।

(u) প্রদানকারী আবশ্যিকভাবে, তাদের কাজের দিন এবং ঘন্টার যেকোনো সাময়িক অথবা স্থায়ী বন্ধ করার অথবা স্থান, যেখানে খাদ্য সংরক্ষিত অথবা বিতরিত হবে, পরিবর্তনের বিষয়ে HRA কে সূচিত করবে এবং অনুমোদন প্রাপ্ত করবে। প্রদানকারী, আবশ্যিকভাবে HRA কে একটি সময়ানুগ পন্থায় যোগাযোগের তথ্যগুলির ক্ষেত্রে যেকোনো পরিবর্তন সম্পর্কেও অবহিত করবে।

(v) প্রদানকারী আবশ্যিকভাবে এই অধ্যায়ের অধীনে প্রাপ্ত করা প্রশাসনিক তহবিলটি, ইতিমধ্যেই অন্য কোন সত্তার দ্বারা সম্পূর্ণরূপে অথবা আংশিকভাবে ব্যয়পূরণ করা হয়েছে এমন কোন খরচের জন্য ব্যবহার করবেন না।

(w) প্রদানকারী আবশ্যিকভাবে, এই অধ্যায়ের অধীনে প্রাপ্ত করা খাদ্য অথবা তহবিলগুলি, একটি নির্দিষ্ট জনপদের নিকট খাদ্য প্রদানের জন্য, যেমন একটি বরিষ্ঠ ব্যক্তিদের কেন্দ্রে অথবা অনাবাসী চিকিৎসা কার্যক্রমগুলি, যেকোনো সরকারি যোগাযোগের মাধ্যমে প্রাপ্ত তহবিলের জন্য পরিপূরণ করবেন না।

(x) প্রদানকারী আবশ্যিকভাবে অন্যথায় HRA এর সঙ্গে, তাদের EFAP কার্যক্রমটির প্রশাসনের ক্ষেত্রে সহযোগিতা করবেন।

**§ 4-06 খাদ্য বিতরণ এবং সংশোধনসমূহ।**

(a) তহবিলের উপলব্ধতার বিষয়বস্তুস্বরূপ, কমপক্ষে বছরে একবার, HRA অথবা তাদের অনুমোদিত পক্ষরা, একটি ক্রেডিট লাইনের আকারে শংসিত EFAP খাদ্য প্রদানকারীদের নিকট খাদ্য বিতরণগুলি করবেন, যেটি প্রদানকারীরা HRA এর চুক্তির অধীন সরবরাহকারীদের থেকে খাদ্য নাগালপ্রাপ্ত করার জন্য ব্যবহার করতে পারেন। প্রত্যেক প্রদানকারীর খাদ্য বিতরণের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে বিবেচিত উপাদানগুলির মধ্যে অন্তর্ভুক্ত হবে গোষ্ঠীভিত্তিক প্রয়োজনীয়তা, প্রদানকারীর ক্ষমতা, প্রদানকারীর অতীত কর্মদক্ষতা, এবং জাতিগত অন্তর্ভুক্তি এবং সাম্য।

(b) HRA নিম্নলিখিতগুলিকে অন্তর্ভুক্ত করে উপাদানগুলির উপর ভিত্তি করে খাদ্য বিতরণের পরিমাণগুলি ব্যবস্থাপিত করতে পারে:

(1) মাসিক পরিসংখ্যানভিত্তিক রিপোর্ট জমা দিতে ব্যর্থতা;

(2) ভুল মাসিক পরিসংখ্যানভিত্তিক রিপোর্ট জমা দেওয়া;

(3) প্রদানকারীর EFAP স্থিতির ক্ষেত্রে সক্রিয় থেকে ধরে-রাখা অথবা বন্ধ হওয়ার মত একটি পরিবর্তন;

(4) প্রদানকারীর তরফ থেকে তাদের বিতরণের পরিমাণের ক্ষেত্রে একটি হ্রাস ঘটানোর জন্য অনুরোধ;

(5) EFAP এর দ্বারা নিয়মিতভাবে পূরণ করণীয়গুলির অধিক আপৎকালীন খাদ্যের প্রয়োজনীয়তা (যেমন, অগ্নিকান্ড, আপৎকালীন পরিস্থিতি, অথবা জন-স্বাস্থ্য সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি);

(6) EFAP তহবিল প্রদানের ক্ষেত্রে হ্রাস, অথবা

(7) পরিবর্তনশীল নৃতত্ত্ব, পরিবর্তিত নৃতাত্ত্বিক প্রক্ষেপণগুলি, অথবা একটি নির্দিষ্ট অঞ্চলে পরিষেবা প্রদানকারী খাদ্য কার্যক্রমের উপলব্ধতার ক্ষেত্রে পরিবর্তনগুলি।

(c) একটি EFAP খাদ্য প্রদানকারী হিসাবে শংসাকরণ এই ধারাটির অধীনে একটি খাদ্য বিতরণ প্রাপ্তি নিশ্চিত করে না।

**§ 4-07 খাদ্য বিতরণের সঙ্গে সহযোগী খরচগুলি ব্যয়পূরণ।**

তহবিলের উপলব্ধতার বিষয়বস্তুস্বরূপ, HRA EFAP খাদ্য বিতরণকারীদের, EFAP কার্যক্রমের মাধ্যমে প্রাপ্ত করা খাদ্য প্রদান করার যুক্তিসংগত মূল্যগুলির ব্যয়পূরণ করতে পারে, তবে শর্ত থাকে যে প্রদানকারী EFAP এর দ্বারা তহবিল প্রাপ্ত হয়েছিল যখন, অত্যাবশ্যকীয় উপাদান, খাদ্য বিতরণের সঙ্গে সম্পর্কিত সরঞ্জামগুলি, মজুতকরণ, এবং প্রস্তুতি, খাদ্য পরিবেশণের উপাদানগুলি, মেরামতি এবং কর্মী, অন্তর্ভুক্ত করে, এই প্রকার খরচগুলি করা হয়েছিল। খাদ্য প্রদানকারীরা একত্রে এবং এমন একটি পন্থায় যেটি HRA এর দ্বারা অনুমোদিত, এই প্রকার ব্যয়পূরণের জন্য আবেদন করতে পারেন। খাদ্য প্রদানকারীরা, অন্য একটি তহবিল প্রদানকারী সূত্রের দ্বারা ইতিমধ্যে আচ্ছাদিত খরচগুলির জন্য তহবিল প্রদানের জন্য অনুরোধ নাও করতে পারে।

**§ 4-08 সক্ষমতা-গঠনভিত্তিক অনুদান।**

তহবিলের উপলব্ধতার বিষয়বস্তুস্বরূপ, HRA তাদের ইচ্ছাধীনে, তাদের আপৎকালীন খাদ্য কার্যক্রমগুলিকে প্রসারিত করতে চাওয়া EFAP খাদ্য প্রদানকারীদের অথবা তাদের আপৎকালীন খাদ্য কার্যক্রমগুলি, যেগুলি এই অধ্যায়টির প্রয়োজনীয়তাগুলিকে পূরণ করবে, প্রতিষ্ঠা করতে চাওয়া অ-লাভকারী প্রতিষ্ঠানগুলির নিকট অনুদান প্রদান করতে পারে।

**§ 4-09 খাদ্য প্রদানকারীদের পর্যবেক্ষণ এবং বাৎসরিক পুনর্শংসাকরণের জন্য পর্যালোচনা।**

শংসাকরণ বজায় রাখার জন্য, শংসিত EFAP খাদ্য প্রদানকারীদের আবশ্যিকভাবে কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলির উল্লেখযোগ্য অনুপালনকারী থাকতে হবে এবং HRA এর একটি বাৎসরিক পুনর্শংসাকরণ পর্যালোচনায় উত্তীর্ণ হতে হবে। বাৎসরিক পুনর্শংসাকরণ পর্যালোচনাটির মধ্যে অন্তর্ভুক্ত হয় প্রদানকারীদের নিকট, যারা এই অধ্যায়ের অধীনে খাদ্য বিতরণগুলি প্রাপ্ত করে, একটি কমপক্ষে প্রতি বছরে একটি স্থান পরিদর্শন। যদি HRA নির্ধারণ করে যে একটি প্রদানকারী কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলির প্রতি উল্লেখযোগ্য অনুপালনকারী নয়, তাহলে HRA প্রদানকারীর খাদ্য বিতরণ হ্রাস করতে পারে, রদ করতে পারে, অথবা তাদের EFAP খাদ্য প্রদানকারীর শংসাকরণ বাতিল করতে পারে। একজন প্রদানকারীর খাদ্য বিতরণের পরিমাণ হ্রাস করার, রদ করার অথবা সমাপ্ত করার, অথবা তাদের EFAP খাদ্য প্রদানকারীর শংসাপত্র বাতিল করার পূর্বে, HRA প্রদানকারীর নিকট লিখিতভাবে বিজ্ঞপ্তি প্রদান করবে এবং প্রদানকারীর দ্বারা আপত্তি করার জন্য একটি সুযোগ প্রদান করবে।

**§ 4-10 বাতিলকৃত খাদ্য প্রদানকারী শংসাকরণের পুনর্সংস্থাপন করা।**

একজন খাদ্য প্রদানকারী যার EFAP খাদ্য প্রদানকারীরে শংসাকরণটি, ধারা 4-09 অনুসারে বাতিল করা হয়েছিল, তিনি, HRS এর দ্বারা নির্দিষ্টকৃত ফর্মে এবং পন্থায় এই প্রকার সংশাকরণ পুনর্সংস্থাপনের জন্য আবেদন করতে পারেন, এই প্রকার প্রদর্শন করার দ্বারা যে যদি এই প্রকার শংসাকরণটি পুনর্সংস্থাপিত হয় তাহলে প্রদানকারী কার্যক্রমের প্রয়োজনীয়তাগুলি অনুপালন করবে।

**NEW YORK CITY LAW DEPARTMENT (নিউ ইয়র্ক সিটি আইন বিভাগ)**
**DIVISION OF LEGAL COUNSEL (আইনি পরিমর্শের বিভাগ)**
**100 CHURCH STREET**
**NEW YORK, NY 10007**
**212-356-4028**

**অধ্যায় §1043(d)-এর অনুসরণে**

**শংসাকরণ**

**বিধির শিরোনাম:** আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রমের (Emergency Food Assistance Program) নিয়ন্ত্রণকারী নিয়মগুলি

**রেফারেন্স নম্বর:** 2021 RG 038

**বিধি প্রণয়নকারী এজেন্সি:** মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)

আমি প্রত্যয়ন করছি যে, এই অফিস উপরে বর্ণিত প্রস্তাবিত বিধি নিউ ইয়র্ক সিটির সনদের ধারা 1043(d) এর প্রয়োজন অনুযায়ী পর্যালোচনা করেছে এবং উপরে বর্ণিত প্রস্তাবিত বিধি:

(i) আইনের প্রবিধানগুলি অনুমোদনের উদ্দেশ্য সাধনে খসড়া করা হয়েছে;

(ii) অন্য কোনও প্রযোজ্য নিয়মবিধির বিরোধী নয়;

(iii) যতদূর সম্ভব বাস্তবসম্মত ও উপযুক্ত, একান্তভাবে বর্ণিত উদ্দেশ্য অর্জনে সংক্ষিপ্তভাবে প্রণীত; এবং

(iv) যতদূর সম্ভব বাস্তবসম্মত ও উপযুক্ত, ভিত্তি ও উদ্দেশ্যের একটি বিবৃতি অন্তর্ভুক্ত করে যা আইনটি ও আইন দ্বারা আরোপিত প্রয়োজনীয়তার একটি সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করে।।

/s/ STEVEN GOULDEN তারিখ: এপ্রিল 1, 2022
ভারপ্রাপ্ত কর্পোরেশন কাউনন্সেল (Acting Corporation Counsel)

**নিউ ইয়র্ক সিটি মেয়রের অপারেশন সংশ্লিষ্ট অফিস**
**(NEW YORK CITY MAYOR'S OFFICE OF OPERATIONS)**
**253 BROADWAY, 10th FLOOR**
**NEW YORK, NY 10007**
**212-788-1400**

**প্রত্যয়ন / বিশ্লেষণ**
**সনদের ধারা 1043(d) অনুসারে**

**বিধির শিরোনাম: আপৎকালীন খাদ্য সহায়তা কার্যক্রমের (Emergency Food Assistance Program) নিয়ন্ত্রণকারী নিয়মগুলি**

**রেফারেন্স নম্বর: HRA-31**

**বিধি প্রণয়নকারী এজেন্সি: মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration)**

আমি প্রত্যয়ন করছি যে, নিউ ইয়র্ক সিটি চার্টারের ধারা 1043(d) এর প্রয়োজন অনুযায়ী এই অফিস উপরে বর্ণিত প্রস্তাবিত নিয়মটি বিশ্লেষণ করেছে, এবং উপরে বর্ণিত প্রস্তাবিত নিয়মটি:

(i) স্বতন্ত্র সম্প্রদায় বা সম্প্রদায়সমূহের জন্য বোধগম্য এবং সরল ভাষায় লেখা হয়েছে;

(ii) নিয়মের নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করতে বিচ্ছিন্ন নিয়ন্ত্রিত সম্প্রদায় বা সম্প্রদায়সমূহের জন্য সম্মতির খরচ কম করে; এবং

(iii) প্রতিকারের সময়সীমা দেয় না কারণ এটি কোনও লঙ্ঘন, লঙ্ঘনের পরিবর্তন বা লঙ্ঘনের সাথে সম্পর্কিত শাস্তির পরিবর্তন স্থাপন করে না।

*/s/ Francisco X. Navarro* — *2ই জুন,, 2022*

মেয়রের অপারেশনসংক্রান্ত অফিস (Mayor’s Office of Operations) — তারিখ